

বাংলাদেশ পর্যটন করপোরেশন
প্রশাসন বিভাগ
৮৩-৮৮, বীর উত্তম এ, কে, খন্দকার সড়ক
মহাখালী বা/এ, ঢাকা - ১২১২।
www.parjatan.gov.bd

নম্বর: ৩০.৩২.০০০০.০০০.২৭.০৮৫.১৫.৪১৭


তারিখ: ২৭ ফাল্গুন ১৪২৫

১১ মার্চ ২০১৯

অফিস আদেশ

জনপ্রশাসনে স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিতকরণ ও দুর্নীতি প্রতিরোধের মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠাকল্পে মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহে যথাযথভাবে কার্যক্রম গ্রহণ এবং প্রতি মাসে প্রাপ্ত অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি অভিযোগের বিষয়ে ডাটাবেজ প্রস্তুতকরত: এ সংক্রান্ত হালনাগাদ তথ্যাদি মন্ত্রিপরিষদ বিভাগে প্রতিমাসে রিপোর্ট প্রেরণ করা হয়। এ লক্ষ্যে বাংলাদেশ পর্যটন করপোরেশনের সকল বাণিজ্যিক ইউনিটে আগত অতিথিদের অভিযোগ/অনুযোগ/পরামর্শ/মন্তব্য সকল বাণিজ্যিক ইউনিটে সেবাবক্স স্থাপনসহ রেজিস্টারে লিপিবদ্ধ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো যাচ্ছে। এছাড়া যদি কোন ইউনিটে প্রতিবেদনাধীন মাসে আগত অতিথিদের কোন অভিযোগ/অনুযোগ/পরামর্শ/মন্তব্য না থাকে তাহলে শূন্য প্রতিবেদন প্রেরণ করতে হবে।

এমতাবস্থায়, রেজিস্টারে লিপিবদ্ধ অভিযোগ/অনুযোগ/পরামর্শ/মন্তব্য-এর প্রেক্ষিতে গৃহীত কার্যক্রমের অগ্রগতি ফটোকপি প্রতিমাসের ৩ তারিখের মধ্যে আবশ্যিকীয় ভাবে ব্যবস্থাপক (প্রশাসন) বরাবরে হার্ড/সফট কপি প্রেরণের জন্য অনুরোধ জানানো হলো। অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি সংক্রান্ত প্রতিবেদন দাখিলে বিলম্ব/জটিলতা সৃষ্টির ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যবস্থাপক/ইউনিট ব্যবস্থাপককে জবাবদিহি করতে হবে।



১২-৩-২০১৯

এস. এম. হুমায়ুন কবির সরকার
মহাব্যবস্থাপক


নম্বর: ৩০.৩২.০০০০.০০০.২৭.০৮৫.১৫.৪১৭/১(৮)

তারিখ: ২৭ ফাল্গুন ১৪২৫

১১ মার্চ ২০১৯

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) মহাব্যবস্থাপক/অধ্যক্ষ------(সকল), বাপক, ঢাকা।
- ২) ব্যবস্থাপক/ইউনিট ব্যবস্থাপক------(সকল), বাপক।
- ৩) ব্যবস্থাপক, আইসিটি বিভাগ, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৪) চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৫) পরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৬) পরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিচালক (বাণিজ্যিক) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৭) পরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিচালক (পরিচালনা) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৮) অফিস কপি।



১২-৩-২০১৯

মুহাম্মদ মঈনউদ্দিন হায়াত
ব্যবস্থাপক